

3672

B.A. 4th Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-10

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words
as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো :

২×১০=২০

- (ক) 'নীলদর্পণ' নাটকটি কবে, কোথায় প্রথম অভিনীত হয়েছিল?
- (খ) "আমাদের কালেজ নাই, কাছারী নাই, ব্রাহ্মসমাজ নাই।"—কে, কত সালে 'ব্রাহ্মসমাজ' প্রতিষ্ঠা করেন?
- (গ) "লেফটেন্যান্ট গবর্নর নিষ্কৃতি দিবেন সন্দেহ নাই।"—কাকে নিষ্কৃতি দেবার কথা বলা হয়েছে? তদানীন্তন লেফটেন্যান্ট গবর্নর কে ছিলেন?
- (ঘ) "এই আইনটা শ্যামচাঁদের দাদা হইয়াছে।"—'শ্যামচাঁদ' কী? কোন আইনকে 'শ্যামচাঁদের দাদা' বলা হয়েছে?
- (ঙ) "মুই আজাদের দলে।"—বক্তা কে? 'আজা' বলতে সে, কাকে বুঝিয়েছে?
- (চ) "গোলোক বসুর সাতপুরুষে লাখেরাজ বাগান ও রাজার আমলের গাঁতি ...।"—'লাখেরাজ' ও 'গাঁতি' বলতে কী বোঝায়?
- (ছ) "এই যে শুভ্রকান্তি নীলাশ্বর আসিতেছেন।"—কার সম্পর্কে এই মন্তব্য? তাকে 'শুভ্রকান্তি নীলাশ্বর' বলার কারণ কী?
- (জ) "মোর সোনার পিণ্ডিমে জলে যায়।"—'সোনার পিণ্ডিমে' কাকে বলা হয়েছে? তার 'জলে' যাওয়ার তাৎপর্য কী?
- (ঝ) রবীন্দ্রনাথ কী উপলক্ষ্যে 'শারদোৎসব' নাটক রচনা করেছিলেন? নাটকটি কত সালে প্রথম অভিনীত হয়?
- (ঞ) 'শারদোৎসব' নাটকের ক-টি দৃশ্য? এর মধ্যে কোন দৃশ্যটি দীর্ঘতর?
- (ট) "তিনি বললেন, বাবা, এ বিদ্যা পেট ভরাবার নয়।"—'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে? কোন বিদ্যা সম্পর্কে তিনি এমন মন্তব্য করেছিলেন?
- (ঠ) "এও কি চক্ষে দেখা যায়?"—কী দেখে বক্তার এই আক্ষেপ?
- (ড) "হিসেব ভুলিয়ে দেবার ওস্তাদ ওরা।"—'ওরা' মানে কারা? ওরা কার হিসেব ভুলিয়ে দিয়েছিল?

Please Turn Over

(ঢ) “এ নইলে আমাদের চঞ্চলা ঠাকরুণটিকে তো জব্দ করবার জো নেই।”—‘চঞ্চলা ঠাকরুণ’ কাকে বলা হয়েছে? তাঁকে জব্দ করবার কোন উপায়ের কথা বক্তা ভেবেছে?

(গ) “তোমার এই প্রজাটিকে চাই।”—নাটকে ‘প্রজাটি’ কী নামে পরিচিত? তাঁকে কে চেয়ে নিয়েছিলেন?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :

৫×৪=২০

(ক) ‘নীলদর্পণ’ নাটকে ব্যবহৃত অন্তত দুটি ছড়ার প্রয়োগ-তাৎপর্য ব্যাখ্যা করো। ‘পুঁইচে’ এবং ‘বাউ’ শব্দ দুটির অর্থ কী?

৩+১+১=৫

(খ) “আহা জমি তো না, য্যান সোনার চাঁপা।”—কে, কোন জমি সম্পর্কে এমন উচ্ছ্বাস প্রকাশ করেছে? জমিকে ‘সোনার চাঁপা’র সঙ্গে তুলনা করার কারণটি স্পষ্ট করো।

১+১+৩=৫

(গ) “খোদার জীব পরাণে মাত্ৰাম না”—কে, কাকে ‘খোদার জীব’ বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে জানাও উক্তিটি বক্তার কোন চারিত্রিক বৈশিষ্ট্যের ইঙ্গিত দেয়।

১+১+৩=৫

(ঘ) “বল কী, এর চেয়ে সুন্দর কি আর কিছু আছে!”—কোন বিষয়টিকে বক্তার ‘সুন্দর’ মনে হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে তাকে ‘সুন্দর’ মনে করার কারণটি ব্যাখ্যা করো।

১+৪=৫

(ঙ) “ওরে লক্ষ্মীপেঁচা বেরিয়েছে রে, লক্ষ্মীপেঁচা বেরিয়েছে।”—‘লক্ষ্মীপেঁচা’ কাকে বলা হয়েছে? যার উদ্দেশ্যে এই সম্বোধন, তার চরিত্র বিশ্লেষণ করো।

১+৪=৫

(চ) ‘শারদোৎসব’ নাটকে ছেলের দলের ভূমিকা আলোচনা করো। নাটকে ছেলের দলের গাওয়া প্রথম গানটির প্রথম ছত্রটি লেখো।

৪+১=৫

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :

১০×২=২০

(ক) প্রথম প্রকাশকালে ‘নীলদর্পণ’ নাটকটির আখ্যাপত্রে লেখকের কী নাম ব্যবহৃত হয়েছে? ‘নীলদর্পণ’ নাটকে হাস্যরসের প্রকৃতি পর্যালোচনা করো।

২+৮=১০

অথবা,

নাটকে সংলাপের গুরুত্ব কী? ‘নীলদর্পণ’ নাটকে ভদ্রেতর চরিত্রের সংলাপ রচনায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব বিচার করো।

২+৮=১০

(খ) “রাজা হতে গেলে সন্ন্যাসী হওয়া চাই।”—কে কাকে বলেছেন? বক্তা তাঁর নিজের জীবনের মধ্য দিয়ে কথাটিকে কীভাবে সত্য করে তুলেছেন, তাঁর চরিত্র আলোচনার মধ্য দিয়ে সেটি বুঝিয়ে দাও।

১+১+৮=১০

অথবা,

তত্ত্বনাটক কাকে বলে? ‘শারদোৎসব’ নাটকটিকে তত্ত্বনাটক বলা যায় কি না—এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

২+৮=১০